



## যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

JASHORE PALLI BIDYUT SAMITY-1E-mail:

jessorepbs1@gmail.com, Web Site: <https://pbs1.jessore.gov.bd/>



প্রধান কার্যালয়

তপসীডাঙ্গা, যশোর

টেলিফোন: অফিস: ০২৪৭৭৭৬০১৯০

অভিযোগ কেন্দ্র: ০২৪৭৭৭৬০১৮৯

স্মারক নং- ২৭.১২.৪১৪৭.৫১০.০১.০৩৮.২৬. ৪৭৯৪


তারিখঃ ২৭ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ  
১২ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ “জেনারেল ম্যানেজার মহোদয়ের অফিস রুমের অভ্যন্তরে আধুনিকায়ন ইন্টেরিয়র (সিলিং, ক্যাবিনেট, লাইটিং, রং ও ইলেকট্রিক মালামালসহ) করণের” অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহ্বান প্রসঙ্গে।**

- ০১। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় সংযুক্ত দরপত্র দলিলে বর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক “জেনারেল ম্যানেজার মহোদয়ের অফিস রুমের অভ্যন্তরে আধুনিকায়ন ইন্টেরিয়র (সিলিং, ক্যাবিনেট, লাইটিং, রং ও ইলেকট্রিক মালামালসহ) করণের” জন্য বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী/ উৎপাদনকারী/তিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।
- ০২। মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশন দাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য।
- ০৩। অত্রসাথ সংযুক্ত “কোটেশন দলিল” ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল পবিস এর ওয়েব সাইট <https://pbs1.jessore.gov.bd> হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে অথবা আবেদনের মাধ্যমে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর হতে কোটেশন দলিল সংগ্রহ করা যাবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কাগজ বা ফরমে কোটেশন গ্রহণযোগ্য হবে না।
- ০৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুত পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আবহানকারী কর্তৃক নির্ধারিত স্থান যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা যশোর এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে।
- ০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত না হয়) প্রয়োজন হবে না।
- ০৬। সিলমোহরকৃত খাম আগামী ১৯/১০/২০২৬ খ্রিঃ তারিখ সময় বেলা ১১.০০ ঘটিকা বা এর পূর্বে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা যশোর এ দাখিল করা যাবে। কোটেশন খামে “জেনারেল ম্যানেজার মহোদয়ের অফিস রুমের অভ্যন্তরে আধুনিকায়ন ইন্টেরিয়র (সিলিং, ক্যাবিনেট, লাইটিং, রং ও ইলেকট্রিক মালামালসহ) করণের দরপত্র এবং আগামী ১৯/১০/২০২৬ খ্রিঃ তারিখ এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে কোন কোটেশন গ্রহণযোগ্য হবে না।
- ০৭। দাখিলকৃত বা প্রাপ্ত কোটেশনসমূহ আগামী ১৯/১০/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) স্ব-স্ব দপ্তরে খোলা হবে। একই তারিখ মূল্যায়ন কমিটির কাছে পাঠানো হবে।
- ০৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত কোটেশন বৈধ থাকবে।
- ০৯। কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখ প্রাপ্ত কোটেশনসমূহ যশোর পবিস-১ এর যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র প্রকাশ্যে উন্মুক্ত করা হবে।
- ১০। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান মালামাল সরবরাহ পূর্বক সম্পূর্ণ ইন্টেরিয়রের কাজ সন্তোষজনক সম্পন্ন করার পর বিল দাখিল সাপেক্ষে দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন পূর্বক “যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১” কর্তৃক এ্যাকাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।
- ১১। যদি কার্যাদেশ প্রদান বা চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, আবগারী শুল্ক, ফী, লেভী, এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।




- ১২। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয় তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।
- ১৩। কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ চলতি ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল ও পূর্ব অভিজ্ঞতার সনদপত্র দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
- ১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ণ করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়ণকৃত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।
- ১৫। উদ্ধৃত একক দর এবং মোট মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।
- ১৬। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে।
- ১৭। ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জারী করতে হবে।
- ১৮। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ পূর্বক ইন্টেরিয়র কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হারে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ১৯। বর্ণিত শর্তসমূহে কোন বিষয় উল্লেখ না থাকলে সে বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

  
 (মোহাম্মদ আসাদুজ্জামান খান)  
 জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহঃ)**

- ০১। পরিচালক পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, যশোর।
- ০৩। পুলিশ সুপার, যশোর।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস ১/২/৩/৪।
- ০৫। মেয়র, পৌরসভা কার্যালয়, যশোর।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, যশোর।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/শার্শা/ঝিকরগাছা/চৌগাছা/বাঘারপাড়া উপজেলা, যশোর।
- ০৯। ডিজিএম, কারিগরী-সদর/শার্শা/ঝিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা, যশোর পবিস -১।
- ১০। এজিএম, বাগ-জাঁচড়া/বাকড়া/রুপদিয়া/খাজুরা/পুড়াপাড়া/বেনাপোল সাব-জোনাল অফিস, যশোর পবিস -১।
- ১১। এজিএম (অর্থ- হিসাব), যশোর পবিস -১।
- ১২। এজিএম (আইটি-১), যশোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
- ১৩। মেসার্স .....
- ১৪। নোটিশ বোর্ড, যশোর পবিস -১।
- ১৫। অফিস কপি / মাস্টার কপি।

  
 (মোহাম্মদ আসাদুজ্জামান খান)  
 জেনারেল ম্যানেজার



## যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

### তপসীডাঙ্গা, যশোর।

RFQ পদ্ধতিতে “জেনারেল ম্যানেজার মহোদয়ের অফিস রুমের অভ্যন্তরে আধুনিকায়ন ইন্টেরিয়র (সিলিং, ক্যাবিনেট, লাইটিং, রং ও ইলেকট্রিক মালামালসহ) করণের” দরপত্র দলিল

|                             |                                                                   |
|-----------------------------|-------------------------------------------------------------------|
| দরপত্র বিজ্ঞপ্তি নম্বরঃ     | স্মারক নং ২৭.১২.৪১৪৭.৫১০.০১.০৩৮.২৬. ৪৭১৪, তারিখঃ ১২/১০/২০২৬ খ্রিঃ |
| দরপত্র প্যাকেজ নম্বরঃ       |                                                                   |
| দরদাতা প্রতিষ্ঠানের নামঃ    |                                                                   |
| দরদাতা প্রতিষ্ঠানের ঠিকানাঃ |                                                                   |

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল



## কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশন নম্বর:

প্রতি

জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে “জেনারেল ম্যানেজার মহোদয়ের অফিস রুমের অভ্যন্তরে আধুনিকায়ন ইন্টেরিয়র (সিলিং, ক্যাবিনেট, লাইটিং, রং ও ইলেকট্রিক মালামালসহ) করণের” জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [অংকে এবং কথায় উল্লেখ করুন]

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১২/১০/২০২৬ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

তারিখ



পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসীল

কোটেশন নম্বরঃ

| ১                                                                                                            | ২ | ৩                                                                                                                                        | ৪                                                                                                                    | ৫               | ৬ | ৭     | ৮ | ৯                                                |
|--------------------------------------------------------------------------------------------------------------|---|------------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------------|-----------------|---|-------|---|--------------------------------------------------|
| ১                                                                                                            | ২ | জেনারেল ম্যানেজার মহোদয়ের<br>অফিস রুমের অভ্যন্তরে আধুনিকায়ন<br>ইন্টেরিয়র (সিলিং, ক্যাবিনেট,<br>লাইটিং, রং ও ইলেকট্রিক<br>মাল্যামালসহ) | বর্গফুট                                                                                                              | ২২০০<br>বর্গফুট |   |       |   | যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১,<br>তপসীডাঙ্গা, যশোর। |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য<br>(ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) |   |                                                                                                                                          |                                                                                                                      |                 |   | অংকে  |   |                                                  |
|                                                                                                              |   |                                                                                                                                          |                                                                                                                      |                 |   | কথায় |   |                                                  |
| পণ্য প্রেরণের ঠিকানা :                                                                                       |   |                                                                                                                                          | যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর।                                                                        |                 |   |       |   |                                                  |
| মোট মূল্য টাকায়<br>(কথায়)                                                                                  |   |                                                                                                                                          | [উপরোল্লিখিত তফসীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।]                  |                 |   |       |   |                                                  |
| প্রস্তাবিত সরবরাহ                                                                                            |   |                                                                                                                                          | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে                                                            |                 |   |       |   |                                                  |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty)                                                                                |   |                                                                                                                                          | [পণ্য সরবরাহ সম্পন্ন হওয়ার তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |                 |   |       |   |                                                  |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফসীলের [.....] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বছর পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

|                            |                    |
|----------------------------|--------------------|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
| কোটেশনদাতার নাম            |                    |

**টীকা:**

- ১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।
- ২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোত্তমভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধ্যতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।



**আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ**

| ক্র. নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ                                                                                                              | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---------|-------------|----------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------|---------------|--------------------------------|
| ১       | ২           | ৩                                                                                                                          | ৪                                   | ৫             | ৬                              |
| ১       | ২           | জেনারেল ম্যানেজার মহোদয়ের অফিস রুমের অভ্যন্তরে আধুনিকায়ন ইন্টেরিয়র (সিলিং, ক্যাবিনেট, লাইটিং, রং ও ইলেকট্রিক মালামালসহ) |                                     |               |                                |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লিখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

|                            |                    |
|----------------------------|--------------------|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
| কোটেশনদাতার নাম            |                    |

**টাকা:**

- কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।
- বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।
- পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।



## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

০১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।
০২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫-এর বিধান প্রযোজ্য হবে।
০৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ৩০ দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোত্তমভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।
০৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফসীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।
০৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।
০৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।
০৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।
০৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।
০৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলিত তফসীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।
১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
১১. মোট চুক্তি মূল্য টাকা [অংকে] [কথায়]।
১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ ০৬ মাস (পূর্ণ)
১৩. ২০২৫ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালায় বিধি ৫০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।



১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।
১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।
১৬. ওয়ারেন্টি (warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।
১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।
১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।
১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:
- ক. সরবরাহের তফসীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।
- খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকাণ্ডে জড়িত।
- গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।
২০. এই চুক্তি হতে উদ্ভূত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।
২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০২৫ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১৪৯ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

|                                    |                                     |
|------------------------------------|-------------------------------------|
| ক্রেতার জন্য                       | সরবরাহকারীর জন্য                    |
| নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ                              | তারিখ                               |

